# DEPARTMENT OF BENGALI

CHANDIDAS MAHAVIDYALAYA

A Govt. Aided Degree Collage  Affiliated to The University of Burdwan

UGC Accredited under Section 2(f) & 12(B) (1979) * NACC Accredited in 2023

**KHUJUTIPARA, BIRBHUM, WEST BENGAL, INDIA-731215**

**WWW.CHANDIDASMAHAVIDYALAYA.AC.IN**

**Cmahavidyalaya1972@gmail.com**

**Estd : 1972**

## COURSE  OUTCOME (NEP, 2020)

MAJOR BENGALI (1011)

SEM - I

একক – ১

সাহিত্যের সংরূপ ও গঠন সংক্রান্ত প্রাথমিক ধারণাঃ

এই কোর্সের উদ্দেশ্য বাংলা সাহিত্যের প্রাথমিক ধারণা। সাহিত্যের বিভিন্ন সংরূপ ও তার গঠনের সঙ্গে শিক্ষাথীরা পরিচিত হবে। বিভিন্ন সংরূপের মধ্যে তুলনামূলক আলোচনা সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হবে।

একক – ২

কবিতাঃ

বাংলা সাহিত্যের অন্যতম সংরূপ কবিতার প্রতিনিধিত্ব মূলক কিছু রচনা নিদর্শন হিসেবে শিক্ষার্থীরা পড়বে। সমকাল ও কবির ভাবনা বিষয়ে তারা অবহিত হবে। বিভিন্ন সময়ের কবিতা রচনার আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলিও তারা বুঝতে শিখবে। এ বিষয়ে ব্যবহারিক প্রয়োগে তারা উদ্বুদ্ধ হবে।

একক – ৩

ছোটোগল্পঃ

বিভিন্ন লেখকের প্রতিনিধিত্বমূলক কিছু গল্প পাঠের মাধ্যমে ছোটোগল্পের সংরূপগত বৈশিষ্ট্যগুলির সাথে শিক্ষার্থীদের  বাস্তবিক পরিচয় ঘটবে। শিক্ষার্থীরা গল্পের বিষয় ও লেখকের জীবনবোধ সম্পর্কে অবহিত হবে।

একক – ৪

প্রবন্ধঃ

সংরূপ পর্যায়ে পঠিত প্রবন্ধের আঙ্গিকগত ধারণালাভ ও লেখকের মনন চিন্তার সাথে পরিচিতি লাভ করবে। প্রবন্ধ সাহিত্যকে শিক্ষার্থী তার বোধ ও বিচারশক্তি দিয়ে কীভাবে আরও উন্নত করতে পারে, সেটাই এই কোর্সে তাকে শেখানো হবে।

## MINOR BENGALI (1021)

## SEM - I

একক – ১

সাহিত্যের সংরূপ ও গঠন সংক্রান্ত প্রাথমিক ধারণাঃ

এই কোর্সের উদ্দেশ্য বাংলা সাহিত্যের প্রাথমিক ধারণা। সাহিত্যের বিভিন্ন সংরূপ ও তার গঠনের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হবে। বিভিন্ন সংরূপের মধ্যে তুলনামূলক আলোচনা সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হবে।

একক – ২

কবিতাঃ

বাংলা সাহিত্যের অন্যতম সংরূপ কবিতার প্রতিনিধিত্ব মূলক কিছু রচনা নিদর্শন হিসেবে শিক্ষার্থীরা পড়বে। সমকাল ও কবির ভাবনা বিষয়ে তারা অবহিত হবে। বিভিন্ন সময়ের কবিতা রচনার আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলিও তারা বুঝতে শিখবে। এ বিষয়ে ব্যবহারিক প্রয়োগে তারা উদ্বুদ্ধ হবে।

একক – ৩

ছোটোগল্পঃ

বিভিন্ন লেখকের প্রতিনিধিত্বমূলক কিছু গল্প পাঠের মাধ্যমে ছোটোগল্পের সংরূপগত বৈশিষ্ট্যগুলির সাথে শিক্ষার্থীদের  বাস্তবিক পরিচয় ঘটবে। শিক্ষার্থীরা গল্পের বিষয় ও লেখকের জীবনবোধ সম্পর্কে অবহিত হবে।

একক – ৪

প্রবন্ধঃ

সংরূপ পর্যায়ে পঠিত প্রবন্ধের আঙ্গিকগত ধারণালাভ ও লেখকের মনন চিন্তার সাথে পরিচিতি লাভ করবে। প্রবন্ধ সাহিত্যকে শিক্ষার্থী তার বোধ ও বিচারশক্তি দিয়ে কীভাবে আরও উন্নত করতে পারে, সেটাই এই কোর্সে তাকে শেখানো হবে।

## Multi/Interdisciplinary Course (Beng 1031)

# SEM - I

একক – ১

<u>কবিতাঃ</u>

বাংলা সাহিত্যের অন্যতম সংরূপ কবিতার প্রতিনিধিত্ব মূলক কিছু রচনা নিদর্শন হিসেবে শিক্ষার্থীরা পড়বে। সমকাল ও কবির ভাবনা বিষয়ে তারা অবহিত হবে। বিভিন্ন সময়ের কবিতা রচনার আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলিও তারা বুঝতে শিখবে। এ বিষয়ে ব্যবহারিক প্রয়োগে তারা উদ্বুদ্ধ হবে।

একক – ২

<u>নাটকঃ</u> বাংলা সাহিত্যের অন্যতম সংরূপ নাটকের প্রতিনিধিত্ব মূলক এই রচনাটি নিদর্শন হিসেবে শিক্ষাথীরা পড়বে। সমকাল ও নাট্যকারের ভাবনা বিষয়ে তারা অবহিত হবে। এইধরণের নাটক রচনার আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলিও তারা বুঝতে শিখবে। এ বিষয়ে ব্যবহারিক প্রয়োগে তারা উদ্বুদ্ধ হবে।

একক – ৩

<u>গল্পঃ</u>

বিভিন্ন লেখকের প্রতিনিধিত্ব মূলক কিছু গল্প পাঠের মাধ্যমে ছোটোগল্পের সংরূপগত বৈশিষ্ট্যগুলির সাথে বাস্তবিক ধারণা লাভ করবে। গল্পের বিষয় সম্পর্কে ধারণালাভ করে লেখকের জীবনবোধ সম্পর্কে তারা অবহিত হবে এবং গল্পের নতুন নতুন প্রেক্ষাপট বিষয়ে তারা অবহিত হয়ে সাহিত্য রসের প্রকৃত বোদ্ধা হয়ে উঠবে।

একক – ৪

<u>প্রবন্ধঃ</u>

সংরূপ পর্যায়ে পঠিত প্রবন্ধের আঙ্গিকগত ধারণালাভ ও লেখকের মনন চিন্তার সাথে পরিচিতি লাভ করবে। প্রবন্ধ সাহিত্যকে শিক্ষার্থী তার বোধ ও বিচারশক্তি দিয়ে কীভাবে আরও উন্নত করতে পারে, সেটাই এই কোর্সে তাকে শেখানো হবে।

## AEC (L1-1 MIL)

## SEM-I, BENG 1041

একক – ১

<u>ভাষা অংশঃ</u>

সংরূপ পর্যায়ে পঠিত প্রবন্ধের আঙ্গিকগত ধারণালাভ ও লেখকের মনন চিন্তার সাথে পরিচিতি লাভ করবে। প্রবন্ধ সাহিত্যকে শিক্ষার্থী তার বোধ ও বিচারশক্তি দিয়ে কীভাবে আরও উন্নত করতে পারে, সেটাই এই কোর্সে তাকে শেখানো হবে।

একক – ২

সাহিত্য অংশঃ

বাংলা সাহিত্যের অন্যতম সংরূপ রবীন্দ্রকবিতার প্রতিনিধিত্ব মূলক কিছু কবিতা নিদর্শন হিসেবে শিক্ষার্থীরা পড়বে। সমকাল ও কবির ভাবনা বিষয়ে তারা অবহিত হবে। এই ধরণের কবিতা রচনার আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলিও তারা বুঝতে শিখবে। এ বিষয়ে ব্যবহারিক প্রয়োগে তারা উদ্বুদ্ধ হবে।

রবীন্দ্রগল্পের প্রতিনিধিত্ব মূলক কিছু গল্প পাঠের মাধ্যমে ছোটোগল্পের সংরূপগত বৈশিষ্ট্যগুলির সাথে বাস্তবিক ধারণা লাভ করবে। গল্পের বিষয় সম্পর্কে ধারণালাভ করে লেখকের জীবনবোধ সম্পর্কে তারা অবহিত হবে এবং গল্পের নতুন নতুন প্রেক্ষাপট বিষয়ে তারা অবহিত হয়ে সাহিত্য রসের প্রকৃতবোদ্ধা হয়ে উঠবে। শিক্ষার্থীরা সাহিত্যের বিষয় অনুধাবণের পাশাপাশি তার শিল্পসার্থকতা ও ভাবসৌন্দর্য বিশ্লেষণ করতে শিখবে।

SEC

SEM-I, BENG 1051

একক – ১, ২, ৩, ৪

ব্যাকরণঃ

শিক্ষাথীরা বাংলা ভাষার গঠন সম্পর্কে অবহিত হবে। ব্যাকরণের বিভিন্ন উপাদান সম্পর্কে অবহিত হয়ে শুদ্ধ ভাবে বাংলা ভাষা বলা, পড়া ও লেখা বিষয়ে দক্ষতা লাভ করবে। ভাষার প্রয়োগগত দিক সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করবে।

## **COURSE OUTCOME (NEP, 2020)**

## MAJOR BENGALI (2011)

## SEM - II

একক – ১,২,৩,৪

সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) :

সাহিত্যের ইতিহাস পাঠের মাধ্যমে বাংলা সাহিত্যের উদ্ভব, বিবর্তন ও ক্রমবিকাশ সম্পর্কে ছাত্ররা সার্বিক জ্ঞান অর্জন করতে পারবে। সেই সঙ্গে সমকালের সমাজজীবন, মানুষ ও মানুষের জীবন- জীবিকা, খাদ্যাভাস, অর্থনৈতিক কাঠামো, দেশের শাসন ব্যাবস্থা কেমন ছিল তা জানতে পারবে। বর্তমান সময়ের সাহিত্যের যে অত্যাধুনিক পরিণত রূপ আমরা দেখি তা বিবর্তনের কোন পথ বেয়ে কী ভাবে এই পর্যয়ে উন্নীত হলো তা জানতে পারবে। সেই সঙ্গে ভাষার বিবর্তন ও ক্রমবিকাশের ধারা সম্পর্কেও অবহিত হবে। মধ্যযুগীয় সাহিত্যে আধুনিক সাহিত্যের বীজ কী ভাবে রোপন করা হয়েছিল সেই সম্পর্কে জ্ঞানলাভ করবে । এছাড়া বাঙলাদেশের জনপদ, ভৌগোলিক অবস্থান সম্পর্কেও নানা তথ্য ছাত্র-ছাত্রীরা জানতে পারবে। জানতে পারবে বাংলার ঐতিহ্য, কৃষ্টি ও সভ্যতা সম্পর্কেও।

## MINOR BENGALI (2021)

## SEM - II

একক – ১,২,৩,৪

<u>সাহিত্যের ইতিহাস(প্রাচীন ও মধ্যযুগ)ঃ</u>

সাহিত্যের ইতিহাস পাঠের মাধ্যমে বাংলা সাহিত্যের উদ্ভব, বিবর্তন ও ক্রমবিকাশ সম্পর্কে ছাত্ররা সার্বিক জ্ঞান অর্জন করতে পারবে। সেই সঙ্গে সমকালের সমাজ জীবন, মানুষ ও মানুষের জীবন জীবিকা, খাদ্যাভাস, অর্থনৈতিক কাঠামো, দেশের শাসন ব্যাবস্থা কেমন ছিল তা জানতে পারবে। বর্তমান সময়ের সাহিত্যের যে অত্যাধুনিক পরিণত রূপ আমরা দেখি তা বিবর্তনের কোন পথ বেয়ে কী ভাবে এই পর্যয়ে উন্নীত হলো তা জানতে পারবে। সেই সঙ্গে ভাষার বিবর্তন ও ক্রমবিকাশের ধারা সম্পর্কেও অবহিত হবে। মধ্যযুগীয় সাহিত্যে আধুনিক সাহিত্যের বীজ কী ভাবে রোপন করা হয়েছিল সেই সম্পর্কে জ্ঞানলাভ করবে । এছাড়া বাঙলাদেশের জনপদ, ভৌগোলিক অবস্থান সম্পর্কেও নানা তথ্য ছাত্র-ছাত্রীরা জানতে পারবে। জানতে পারবে বাংলার ঐতিহ্য, কৃষ্টি ও সভ্যতা সম্পর্কেও।

# Multi/Interdisciplinary Course (Beng 2031)

## SEM - II

একক – ১, ২

<u>গল্প ও উপন্যাসঃ</u>

_বিভিন্ন লেখকের প্রতিনিধিত্ব মূলক কিছু গল্প পাঠের মাধ্যমে ছোটোগল্পের সংরূপগত বৈশিষ্ট্যগুলির সাথে বাস্তবিক ধারণা লাভ করবে। গল্পের বিষয় সম্পর্কে ধারণালাভ করে লেখকের জীবনবোধ সম্পর্কে তারা অবহিত হবে এবং গল্পের নতুন নতুন প্রেক্ষাপট বিষয়ে তারা অবহিত হয়ে সাহিত্য রসের প্রকৃতবোদ্ধা হয়ে উঠবে।

বাংলা উপন্যাসের ধারার সঙ্গে ছাত্ররা পরিচিত হবে। উপন্যাসের চরিত্র, প্লট, মনস্তত্ত্ব, ভাষা প্রভৃতি উপাদানগুলি সম্পর্কে ধারণা তৈরি হবে। কীভাবে উপন্যাস বিশ্লেষণ করতে হয়, সে সম্পর্কে ছাত্ররা জানবে। উনিশ ও বিশ শতকের সামাজিক, আর্থসামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় প্রেক্ষাপট সম্পর্কে ছাত্রারা ওয়াকিবহাল হবে। এবং এই সকল বিষয়গুলির প্রেক্ষাপটে মানবজীবনকে বিশ্লেষণ করার দক্ষতা অর্জন করবে। সর্বোপরি উপন্যাসের জীবন দর্শন ব্যক্তিমনে যে গভীর অভিজ্ঞতার জন্ম দেয় , সে সম্পর্কে ছাত্ররা অভিজ্ঞ হবে।

## SEC - 2

## SEM-II, BENG 2051

একক – ১,২,৩,৪

বাংলা আমাদের ছাত্র-ছাত্রীদের মাতৃভাষা , সেকারণে সেই ভাষার শুদ্ধতা সম্পর্কে তারা জ্ঞানলাভ করতে পারবে। বাংলা ব্যাকরণের বিভিন্ন বিষয় স্তরে স্তরে ধ্বনি থেকে শুরু করে বাক্য পর্যন্ত অগ্রসর হয়েছে সে বিষয়ে সম্যক ধারণালাভ করবে ও বাংলা ভাষা কে তারা শুদ্ধভাবে

লিখতে,পড়তে ও বলতে  পারবে। শিক্ষা ও জ্ঞানলাভের পাশাপাশি সুনাগরিক হয়ে উঠতে পারে সেজন্য পত্রলিখন, প্রতিবেদন, অনুবাদ ইত্যাদি বিষয়গুলি সম্পর্কে তারা জ্ঞানলাভ করবে। মনের ভাবকে ভাষায় প্রকাশ করার দক্ষতা অর্জন করবে ও লিখন-নৈপুণ্যের বিকাশ ঘটবে।

## COURSE  OUTCOME  (NEP, 2020)

### MAJOR BENGALI (3011)

### SEM - III

একক – ১,২,৩,৪

সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ঃ

এই পর্বে এসে বাংলা সাহিত্যের ইতিহাস আধুনিক রূপ পরিগ্রহ করলো। সাহিত্যে অনেক নতুন নতুন শাখার জন্ম হলো। বাংলা সাহিত্যে এক নতুন দিগন্তের উন্মোচন হলো। বাংলা সাহিত্য পদ্যের আঙিনা ছাপিয়ে গদ্যের দরবারে প্রবেশ করলো। আমরা পেলাম প্রচুর গদ্যরচনা। সেই গদ্য রচনার হাত ধরে পেলাম প্রবন্ধ নামক মননশীল রচনা,  যা পাঠ করে ছাত্ররা সেই সময়ে প্রাবন্ধিক ও প্রবন্ধের স্বরূপ সম্পর্কে জানতে পারবে। কবিতায় যুগসন্ধির ছাপ সুস্পষ্ট হলো। পুরাতন কাব্য-আঙ্গিককের পাশাপাশি নতুন নতুন কাব্যাঙ্গিকের সম্প্রসারণ ঘটলো। আদি মহাকাব্য থেকে কাহিনী নিয়ে রচিত হলো সাহিত্যিক মহাকাব্যে, যেখানে ব্যাক্তিমানুষ প্রতিষ্ঠিত হলো। ব্যক্তিগত ভাবোচ্ছ্বাস  শিল্পগত রূপ নিল গীতিকবিতা নামে। বিহারীলালের হাতে এই আঙ্গিকের জন্ম এবং রবীন্দ্রনাথের হাতে তার বিস্তারের যে সুদীর্ঘ ইতিহাস সেই সম্পর্কে ছাত্ররা জানতে পারবে। পেলাম আধুনিক জীবন ভাবনার বিচিত্র বিস্তার কথাসাহিত্যের আঙ্গিক। উপন্যাসের বৃহৎ ক্যানভাসে ছাত্ররা দেখতে পাবে জীবনের বিচিত্র ভাবনা, চিন্তা ও চেতনাকে। সমকালের প্রেক্ষিতে তারা সেই রচনাগুলিকে ব্যাখ্যা ও বিশ্লেষণ করতে শিখবে। বিশ শতকের মাঝামাঝি সময়ে ছোটগল্পের আবির্ভাব হলো, এরদ্বারা তারা বিন্দুতে সিন্ধুর দর্শনের আস্বাদ পেল। পেলাম একই সঙ্গে পাঠ্য ও দৃশ্যমান শিল্পাঙ্গিক নাটক। যা জীবনের দ্বন্দ্ব ও সংঘাতময় রূপেরই চালচিত্র। সাহিত্য কেবল পাঠ্য নয়, দৃশ্য রূপে কী ভাবে উদ্ভাসিত হয়ে উঠলো তা ছাত্ররা জানবে। এক কথায় ছাত্র-ছাত্রীরা উনিশ শতকের বাংলা সাহিত্যের বিস্তার ও ধারাবাহিক ইতিহাস সম্পর্কে জ্ঞানলাভ করবে।

### MAJOR BENGALI (3012)

### SEM - III

একক – ১,২,৩,৪

ভাষাতত্ত্বঃ

ভাষাতত্ত্ব পাঠের মাধ্যমে ভাষার পরিচয়, বাংলা ভাষার বৈশিষ্ট্য ও গুরুত্ব এবং বাংলা ভাষার বিভিন্ন রূপ সম্পর্কে ছাত্ররা বিশেষ ধারণা লাভ করতে পারবে। ধ্বনি ও বর্ণ , বর্ণমালা ও লিপি , স্বরধ্বনি ও স্বরবর্ণের পরিচয়, ব্যঞ্জন ধ্বনি ও ব্যঞ্জনবর্ণের পরিচয়, বাংলা উচ্চারণের নিয়ম ও বাংলা বানানের নিয়মের পাঠতারা লাভ করবে। শব্দভান্ডার, শব্দ ও পদের শ্রেণিবিভাগ, শব্দার্থ পরিবর্তন ও শব্দ গঠনের উপায় সম্পর্কে তারা

অবহিত হবে। বাক্য ও বাক্যের ধরণ, বাক্য প্রকরণ, পদক্রম, বাক্যগঠন প্রভৃতির পাঠ তারা গ্রহণ করবে। সর্বোপরি বাংলা ভাষাকে কীভাবে সুন্দর শুদ্ধ ও শৃঙ্খলাবদ্ধ করা যায় তার পরিচয় ছাত্ররা জানতে পারবে।

## Multi/Interdisciplinary Course (Beng 3031)

## SEM - III

একক – ১,২

<u>সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও আধুনিক যুগ)ঃ</u>

সাহিত্যের ইতিহাস পাঠের মাধ্যমে বাংলা সাহিত্যার উদ্ভব, বিবর্তন ও ক্রমবিকাশ সম্পর্কে ছাত্ররা সার্বিক জ্ঞান অর্জন করতে পারে। সেই সঙ্গে সমকালের সমাজ জীবন, মানুষ ও মানুষের জীবন জীবিকা, খাদ্যাভাস, অর্থনৈতিক কাঠামো, দেশের শাসন ব্যাবস্থা কেমন ছিল তা জানতে পারে। বর্তমান সময়ের সাহিত্যের যে অত্যাধুনিক পরিণত রূপ আমরা দেখি তা বিবর্তনের কোন পথ বেয়ে কী ভাবে এই পর্যয়ে উন্নীত হলো তা জানতে পারে। সেই সঙ্গে ভাষার বিবর্তন ও ক্রমবিকাশের ধারা সম্পর্কেও জানা যায়। জানা যায় আধুনিক সাহিত্যের বীজ সেখানে কী ভাবে রোপন করা হয়েছিল। এছাড়া বাঙলা দেশের জনপদ, ভৌগোলিক অবস্থান সম্পর্কেও নানা তথ্য পাঠক জানতে পারে। জানতে পারে বাংলার ঐতিহ্য, কৃষ্টি ও সভ্যতা সম্পর্কেও।

এই পর্বে এসে বাংলা সাহিত্যের ইতিহাস আধুনিক রূপ পরিগ্রহ করলো। সাহিত্যে অনেক নতুন নতুন শাখার জন্ম হলো। বাংলা সাহিত্যে এক নতুন দিগন্তের উন্মোচন হলো এই পর্বে এসে। বাংলা সাহিত্য পদ্যের আঙিনা ছাপিয়ে গদ্যের দরবারে প্রবেশ করলো। আমরা পেলাম প্রচুর গদ্যরচনা। সেই গদ্য রচনার হাত ধরে পেলাম প্রবন্ধ নামক মননশীল রচনা। যা পাঠ করে ছাত্ররা সেই সময়ে প্রাবন্ধিক ও প্রবন্ধের স্বরূপ সম্পর্কে জানতে পারবে। কবিতায় যুগসন্ধির ছাপ সুস্পষ্ট হলো। পুরাতন কাব্য আঙ্গিককে পাশাপাশি নতুন নতুন কাব্যাঙ্গিকের সম্প্রসারণ ঘটলো। আদি মহাকাব্য থেকে কাহিনি নিয়ে রচিত হলো সাহিত্যিক মহাকাব্য। যেখানে ব্যাক্তিমানুষ প্রতিষ্ঠিত হলো। ব্যক্তিগত ভাবোচ্ছ্বাস শিল্পগত রূপ নিল গীতিকবিতা নামে। বিহারীলালের হাতে এই আঙ্গিকের জন্ম এবং রবীন্দ্রনাথের হাতে তার বিস্তারের যে সুদীর্ঘ ইতিহাস সেই সম্পর্কে ছাত্ররা জানতে পারবে। পেলাম আধুনিক জীবন ভাবনার বিচিত্র বিস্তার কথাসাহিত্যের আঙ্গিকে। উপন্যাসের বৃহৎ ক্যানভাসে ছাত্ররা দেখতে পাবে জীবনের বিচিত্র ভাবনা, চিন্তা ও চেতনাকে। সমকালের প্রেক্ষিতে তারা সেই রচনাগুলিকে ব্যাখ্যা ও বিশ্লেষণ করতে শিখবে। পেলাম একই সঙ্গে পাঠ্য ও দৃশ্যমান শিল্পাঙ্গিক নাটক। যা জীবনের দন্দ্ব ও সংঘাতময় রূপেরই চালচিত্র। সাহিত্য কেবল পাঠ্য নয়, দৃশ্য রূপে কী ভাবে উদ্ভাসিত হয়ে উঠলো তা ছাত্ররা জানবে।

## AEC (L1-2)

## SEM-III, BENG 3041

একক – ১, ২

<u>ছোটগল্প ও কবিতাঃ</u>

রবীন্দ্রকাব্যের বিরোধিতার মাধ্যমে ইহমুখিন জীবনভাবনা কীভাবে উপ্ত হয়েছে সেই সম্পর্কে ছাত্ররা জানতে পারবে আধুনিক কবিতা পাঠের দ্বারা। কল্লোলের কলরব কীভাবে বাংলা কবিতার পালাবদল ঘটালো সেই সম্পর্কে সম্যক ধারণা ছাত্ররা পাবে এই কবিতাগুলি পাঠের মাধ্যমে। কবিতার বিষয় ও আঙ্গিক সম্পর্কেও তারা নতুন জ্ঞান লাভ করবে।

সাহিত্যের নতুন ফসল ছোটগল্প। রবীন্দ্রনাথের হাতেই সার্থক ছোটগল্পের জন্ম ও পরিণতি। গল্পের প্রতি মানুষের আকর্ষণ চিরকালীন। তাই পাঠ্য গল্পগুলির বিষয়ভাবনার গুরুত্ব অপরীসীম। রবীন্দ্র গল্পের প্রকৃতি ও মানবজীবন , অস্তিবাদ, অতিলৌকিক প্রেক্ষাপটে মানবতার স্ফূরণ প্রভৃতি বিষয়ে ছাত্রদের জ্ঞান হবে। উনিশ থেকে বিশশতকে রবীন্দ্র গল্পে নারীভাবনায় ব্যক্তি স্বাতন্ত্রবাদের চূড়ান্ত প্রকাশ তারা পর্যালোচনা করবে।

একালের গল্পগুলি পাঠ করে প্রথম বিশ্বযুদ্ধোত্তর দেশ ও সমাজের পটভূমি, রাজনীতি-অর্থনীতি-সমাজনীতি-ধর্মনীতির চরম অবক্ষয় সম্পর্কে তারা জানবে। রবীন্দ্রগল্প থেকে আধুনিক গল্পের বৃত্তে রোমান্টিসিজম থেকে বাস্তববাদ এবং যথাস্থিতবাদের দিকে সাহিত্যের উত্তরণ সম্পর্কে ধারণা তৈরি হব.

SEC

SEM-III, BENG 3051

একক – ১, ২, ৩

সুস্থ ও স্বাভাবিকভাবে বেড়ে ওঠার জন্য এবং দেশ ও কালের গতি-প্রকৃতিকে জানার জন্য সাহিত্য খুবই গ্রুরুত্বপূর্ণ। বাংলা আমাদের ছাত্র-ছাত্রীদের মাতৃভাষা, সেকারণে সেই ভাষার শুদ্ধতা সম্পর্কে তারা জ্ঞানলাভ করতে পারবে। বাংলা ব্যাকরণের বিভিন্ন বিষয় স্তরে স্তরে ধ্বনি থেকে শুরু করে বাক্য পর্যন্ত অগ্রসর হয়েছে সে বিষয়ে সম্যক ধারণালাভ করবে ও বাংলা ভাষাকে তারা শুদ্ধভাবে লিখতে,পড়তে ও বলতে পারবে। শিক্ষা ও জ্ঞানলাভের পাশাপাশি যাতে সুনাগরিক হয়ে উঠতে পারে সেজন্য পত্রলিখন, প্রতিবেদন, প্রবন্ধ রচনা, বিজ্ঞাপনের খসড়া ইত্যাদি বিষয়গুলি সম্পর্কে তারা অবগত হবে। মনের ভাবকে ভাষায় প্রকাশ করার দক্ষতা অর্জন করবে।

# COURSE  OUTCOME (NEP, 2020)

## MAJOR BENGALI (4011)

## SEM – IV

## মধ্যযুগের বাংলা সাহিত্য

একক – ১, ২, ৩, ৪

মধ্যযুগের সাহিত্য পাঠের মাধ্যমে বাংলা সাহিত্যের উদ্ভব, বিবর্তন ও ক্রমবিকাশ সম্পর্কে ছাত্ররা সার্বিক জ্ঞান অর্জন করতে পারবে। সেই সঙ্গে সমকালের সমাজ জীবন, মানুষ ও মানুষের জীবন জীবিকা, খাদ্যাভাস, অর্থনৈতিক কাঠামো, দেশের শাসন ব্যাবস্থা কেমন ছিল তা জানতে পারবে। বর্তমান সময়ের সাহিত্যের যে অত্যাধুনিক পরিণত রূপ আমরা দেখি তা বিবর্তনের কোন পথ বেয়ে কী ভাবে এই পর্যয়ে উন্নীত হলো তা জানতে পারবে। সেই সঙ্গে ভাষার বিবর্তন ও ক্রমবিকাশের ধারা সম্পর্কেও অবহিত হবে। মধ্যযুগীয় সাহিত্যে আধুনিক সাহিত্যের বীজ কী ভাবে রোপন করা হয়েছিল সেই সম্পর্কে জ্ঞানলাভ করবে । এছাড়া বাঙলাদেশের জনপদ, ভৌগোলিক অবস্থান সম্পর্কেও নানা তথ্য ছাত্র-ছাত্রীরা জানতে পারবে। জানতে পারবে বাংলার ঐতিহ্য, কৃষ্টি ও সভ্যতা সম্পর্কেও। সেই সঙ্গে শিক্ষার্থীরা মধ্যযুগের বাংলা সাহিত্যের বিশেষ বিশেষ কবি সম্পর্কে গভীর ভাবে অবহিত হবে।

## MAJOR BENGALI (4012)

## SEM – IV

## ঊনিশ শতকের কাব্য-কবিতা

একক – ১, ২, ৩, ৪

আধুনিক যুগের গীতিকাব্য ও পত্রকাব্য সম্পর্কে ছাত্রমনে সাম্যক ধারণা গড়ে উঠবে। উনিশ শতকীয় রেনেসাঁ-জাত মানবতাবাদ ও ব্যাক্তিস্বাতন্ত্র্যবাদের পাশাপাশি পুরাণের নবজাগরণ, প্রাচ্য ও পাশ্চাত্যের মেলবন্ধন প্রভৃতি বিষয়গুলি সম্পর্কে সুস্পষ্ট অভিমত গড়ে উঠবে। মধুসূদন দত্ত প্রণীত অমিত্রাক্ষর ছন্দ বিষয়ে জানবে। আধুনিক বাংলা লিরিক কবিতায় ব্যক্তিহৃদয়ের অন্তর্লীন আনন্দ বেদনার অনুভব ছাত্রকে উদ্বুদ্ধ করবে।

## MAJOR BENGALI (4013)

## SEM – IV

## ছন্দ ও অলঙ্কার

একক – ১, ২, ৩, ৪

ছন্দ, অলংকার পাঠের দ্বারা ছাত্রমনে সাহিত্যের আঙ্গিক সুম্পর্কে সুস্পষ্ট ধারণা গড়ে উঠবে। ছন্দের রীতিগত ও পাঠগত বিভাগ সম্পর্কে জ্ঞান তাদের ছন্দ লিপিকরণে দক্ষ হতে সাহায্য করবে।

অলংকার পাঠের দ্বারা ছাত্র সাহিত্যের ভাষা ও ভাবরূপ (শব্দ ও অর্থ ভিত্তিক) সৌন্দর্য উপলব্ধি করতে শিখবে। সার্বিকভাবে সাহিত্যের কাব্যিকগুণ গুলি তারা আয়ত্ত করবে এবং অলংকার নিরূপণ করতে শিখবে। সর্বোপরি বাংলা ছন্দ ও অলঙ্কারের বিশেষ বিশেষ রূপ শিক্ষার্থীরা গভীর ভাবে আয়ত্ত করতে পারবে।

## MINOR BENGALI (4021)

## SEM – IV

## ছন্দ ও অলঙ্কার

একক – ১, ২, ৩, ৪

ছন্দ, অলংকার পাঠের দ্বারা ছাত্রমনে সাহিত্যের আঙ্গিক সুম্পর্কে সুস্পষ্ট ধারণা গড়ে উঠবে। ছন্দের রীতিগত ও পাঠগত বিভাগ সম্পর্কে জ্ঞান তাদের ছন্দ লিপিকরণে দক্ষ হতে সাহায্য করবে।

অলংকার পাঠের দ্বারা ছাত্র সাহিত্যের ভাষা ও ভাবরূপ (শব্দ ও অর্থ ভিত্তিক) সৌন্দর্য উপলব্ধি করতে শিখবে। সার্বিকভাবে সাহিত্যের কাব্যিকগুণ গুলি তারা আয়ত্ত করবে এবং অলংকার নিরূপণ করতে শিখবে। সর্বোপরি বাংলা ছন্দ ও অলঙ্কারের বিশেষ বিশেষ রূপ শিক্ষার্থীরা গভীর ভাবে আয়ত্ত করতে পারবে।

# **COURSE OUTCOME (NEP, 2020)**

## MAJOR -1 (COURSE BENG 5011)

## SEM – V

## প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব

একক – ১, ২, ৩, ৪

কাব্য কী? কাব্য কাকে বলে? কোনটি কাব্য, কেন কাব্য, কেন কাব্য নয়, কাব্যের নির্মান কৌশল, কাব্যে আত্মা কী, ধ্বনি কী, কয় প্রকার, রস কী, ভাব কীভাবে রসে পরিণত হয়, রস নির্মাণের কৌশল প্রভৃতি সম্পর্কে ছাত্রদের সম্যক ধারণা তৈরি হবে। সাহিত্য বিষয়ক আধুনিক ইজম তথা বাদগুলির উদ্ভব , ক্রমবিকাশ, সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে ছাত্ররা জ্ঞান অর্জন করবে। কবিতা, নাটক, উপন্যাস, ছোটগল্প ও প্রবন্ধের স্বরূপ, উদ্ভব ও বিকাশ সম্পর্কে তারা ঋদ্ধ হবে। সর্বোপরি সাহিত্য বিশ্লেষণের দক্ষতা তারা অর্জন করবে।

## MAJOR -2 (COURSE BENG 5012)

## SEM – V

## ঊনিশ শতকের কথাসাহিত্য ও গদ্য সাহিত্য

একক – ১, ২, ৩, ৪

উনিশশতকের বাংলা ভ্রমণ সাহিত্য উদ্ভবের প্রেরণা, সামাজিক, ঐতিহাসিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি সম্পর্কে ছাত্ররা অবহিত হবে। সেইসঙ্গে উনিশশতকের কথাসাহিত্যের উদ্ভব, বিকাশ ও বিবর্তন, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যের সঙ্গে সঙ্গে প্রতিনিধি স্থানীয় ঔপন্যাসিক ও তাঁদের উপন্যাস বিষয়ক সাধারণ ধারণা ছাত্রমনে গড়ে উঠবে। প্রবন্ধের বৈশিষ্ট্য ও তার শ্রেণিবিভাগ সাহিত্যের অন্যান্য প্রকরণের সঙ্গে প্রবন্ধের পার্থক্য প্রভৃতির পাঠ ছাত্ররা গ্রহণ করবে। নির্বাচিত প্রবন্ধ সাহিত্য পাঠের মাধ্যমে সাধারণত জ্ঞান-বিজ্ঞান, ধর্ম-দর্শন, ইতিহাস, রাজনীতি,অর্থনীতি, নান্দনিক চেতনা সহ সমাজ ও সাহিত্য সম্পর্কে লেখকের যুক্তিগ্রাহ্য বক্তব্যকে অনুধাবণ করার চেষ্টা করবে। তারসঙ্গে ছাত্ররা নিজেদের চিন্তা চেতনার উন্মেষ ঘটানোর চেষ্টা করবে।

## MAJOR - 3 (COURSE BENG 5013)

## SEM – V

## ঊনিশ শতকের নাট্যমঞ্চ এবং নাটক

একক – ১, ২, ৩, ৪

ঊনিশশতকের বাংলা নাটকের উদ্ভবের প্রেরণা, সামাজিক, ঐতিহাসিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট, বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি সম্পর্কে ছাত্ররা অবহিত হবে। সেইসঙ্গে উনিশশতকের প্রতিনিধি স্থানীয় নাট্যকার ও তাঁদের নাটক রচনার আঙ্গিকগত কৌশল সম্পর্কে তারা জানবে। একই ভাবে **নাট্যমঞ্চ ও তার** উদ্ভব, বিকাশ ও বিবর্তন, এবং প্রহসনের বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যের সঙ্গে সঙ্গে প্রতিনিধি স্থানীয় প্রহসনকারের সামাজিক দৃষ্টিভঙ্গি সম্পর্কে সাধারণ ধারণা ছাত্রমনে গড়ে উঠবে।

# **COURSE OUTCOME (NEP, 2020)**

## MAJOR -1 (COURSE BENG 6011)

## SEM – VI

## সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস

একক – ১, ২, ৩, ৪

ছাত্রদের তুলনামূলক সাহিত্য চর্চার অভ্যাস গড়ে তোলার সহায়ক হবে এই দুটি ভিন্ন সাহিত্যের ইতিহাস পাঠের মধ্যে দিয়ে। উভয় সাহিত্যের ধারাবাহিক ইতিহাস পাঠের দ্বারা সেই সকল ভাষার সাহিত্যের উল্লেখযোগ্য কবি ও তাঁদের রচনা সম্পর্কে একটা স্বচ্ছ ধারণা গড়ে উঠবে। ফলে ছাত্রদের জ্ঞানের পরিধি নিজ সাহিত্যকে অতিক্রম করে বিশ্বসাহিত্যের গভীরতার দিকে অগ্রসর হবে।

## MAJOR -2 (COURSE BENG 6012)

## SEM – VI

## লোক সাহিত্য ও লোক সংস্কৃতি

একক – ১, ২, ৩, ৪

মানব জীবনে সংস্কৃতির গুরুত্ব, প্রজন্ম থেকে প্রজন্মে সংস্কৃতির স্থানান্তর, লালিত ঐতিহ্য, সংস্কৃতির পরিবর্তনশীলতা লোকসংস্কৃতির উপর আধুনিক প্রযুক্তির প্রভাব, বিশ্বায়নের প্রভাব ইত্যাদির পাঠ ছাত্ররা গ্রহণ করবে। লোকসংস্কৃতির সংজ্ঞা স্বরূপ ও বৈশিষ্ট্য এবং তার শ্রেণিবিভাগ সম্পর্কে ছাত্ররা ধারণা লাভ করবে। এছাড়া লোকসংস্কৃতির বিভিন্ন প্রকরণ বিষয়েও তারা জানতে পারবে। লোক জীবনের ইতিহাস বিষয়ে সাধারণ ধারণা তাদের দেওয়া হবে।

## MAJOR -3 (COURSE BENG 6013)

## SEM – VI

## রবীন্দ্র সাহিত্য

একক – ১, ২, ৩, ৪

এই পাঠ্যসূচির উদ্দেশ্য হল রবীন্দ্রনাথের কবিতা, নাটক, ছোটোগল্প, উপন্যাস সম্পর্কে গভীরভাবে অবহিত করা।

রবীন্দ্রনাথের সৃষ্টির ভুবন বৃহৎ। প্রতি পর্বে তাঁর সৃষ্টি নব নব রূপে উদ্ভাসিত হয়েছে সাহিত্যের নানা আঙ্গিকে। কোনো পর্বে তাঁর প্রকৃতি চেতনা সত্য ও সৌন্দর্যের প্রতীক রূপে, কখনো তা ঈশ্বর চেতনার আধারে, কখনো আবার রোমান্টিকতার আবহে পরিবেশিত হয়েছে। আবার রাজনৈতিক চেতনাও তাঁর সাহিত্যের আঙিনায় অনায়াসে এসে বসেছে। আর এই সবকিছুর সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে জীবন চেতনা।

সেই চেতনা কখনো ধুলোমাটির পৃথিবীতে লুটোপুটি খেয়েছে, আবার কখনো ঐশ্বরিক চেতনায় উত্তীর্ণ হয়েছে। রবীন্দ্রনাথে সাহিত্য পাঠের দ্বারা ছাত্র-ছাত্রীদের রবীন্দ্রনাথে সৃষ্টির সেই ব্যাপ্তি বিষয়ে ধারণা দেওয়া হবে।

## MAJOR -3 (COURSE BENG 6014)

## SEM – VI

বিশ শতকের কবিতা, উপন্যাস, ছোটোগল্প, নাটক

একক – ১, ২, ৩, ৪

বিশ শতকের সাহিত্য সৃষ্টির ভুবনের একদিকে আছেন রবীন্দ্রনাথ একা আর একদিকে আছেন বহু কবি সাহিত্যিকরা। এই পাঠ্যসূচির উদ্দেশ্য হল বিশ শতকের সেই সকল কবি সাহিত্যিকদের কবিতা, উপন্যাস, ছোটোগল্প, নাটক সম্পর্কে ছাত্র-ছাত্রীদের গভীরভাবে অবহিত করা।